

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

মঙ্গলবার, মার্চ ১৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

নং ৩/মূসক/২০২৩, তারিখ : ০৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কে ড্রেজারসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ সরবরাহের ক্ষেত্রে আরোপনীয় মূল্য সংযোজন কর (মূসক) হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কর্তৃক International Competitive Tendering (ICT) পদ্ধতিতে বৈদেশিক মুদ্রায় আন্তর্জাতিক দরপত্র আহবান করা হইয়াছিল; এবং

যেহেতু, উক্ত আন্তর্জাতিক দরপত্রসমূহের বিপরীতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এবং কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড এর মধ্যে চুক্তি সম্পাদিত হইয়াছে; এবং

যেহেতু, কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড কর্তৃক উক্ত দরপত্রসমূহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় ঋণপত্র স্থাপিত হইয়াছে; এবং

যেহেতু, বৈদেশিক মুদ্রায় বিল পরিশোধ করা হইলে সরবরাহটি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর উপ-ধারা (৬২) এর দফা (খ) এবং তদালোকে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ক অনুযায়ী প্রচলিত রপ্তানি হিসেবে বিবেচিত হইতো; এবং

যেহেতু, বর্তমান অর্থনৈতিক পরিস্থিতির কারণে ঠিকাদারকে চুক্তি অনুযায়ী বৈদেশিক মুদ্রা অর্থাৎ মার্কিন ডলার পরিশোধ করা যাচ্ছে না মর্মে নৌপরিবহন মন্ত্রণালয় অবহিত করিয়াছে; এবং

যেহেতু, বৈদেশিক মুদ্রার অর্থাৎ মার্কিন ডলারের পরিবর্তে সমপরিমাণ বাংলাদেশি মুদ্রায় বিল পরিশোধ করা হইলে উহা প্রচলিত রপ্তানি হিসাবে বিবেচনা করিবার জন্য নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ করা হইয়াছে; এবং

(৩৪৫৩)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, অর্থনৈতিক পরিস্থিতি বা অন্য কোনো কারণে উক্ত সরবরাহের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় বিল পরিশোধ না হইলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর উপ-ধারা (৬২) এর দফা (খ) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮-ক অনুযায়ী সরবরাহটিকে প্রচ্ছন্ন রপ্তানি হিসেবে বিবেচনা করিবার সুযোগ নাই;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩)-এ প্রদত্ত ক্ষমতাবলে কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড কর্তৃক বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কে Invitation Ref No: 18.11.0000.311.14.080.2021/2667 এর বিপরীতে ০১ টি সাকশন ড্রেজারসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ (প্যাকেজ-০১, লট-০১), Invitation Ref No: 18.11.0000.311.14.081.2021/2668 এর বিপরীতে ০১ টি সাকশন ড্রেজারসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ (প্যাকেজ-০১, লট-০২), এবং Invitation Ref No: 18.11.0000.311.14.085.2021/2672 এর বিপরীতে ০২ টি সাকশন ড্রেজারসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ (প্যাকেজ-১৩, লট-০২), সর্বমোট ০৪টি সাকশন ড্রেজারসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ সরবরাহের ক্ষেত্রে শুধুমাত্র বৈদেশিক মুদ্রা সংশ্লিষ্ট সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল:

“শর্ত”

সম্পাদিত চুক্তি অনুযায়ী মার্কিন ডলারের পরিবর্তে বাংলাদেশি টাকায় মূল্য পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ হাসমত আলী
প্রথম সচিব (মুসক নীতি)।